দৈনিক ইনকিলাব

JUN. 29 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# নরসিংদী সরকারী কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল ও শিবির প্যানেলের বিজয়

নরসিংদী থেকে জেলা সংবাদদাতার ফ্যাক্স ঃ নরসিংদী সরকারী কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবিরের ঐক্যবদ্ধ প্যানেলের কাছে মুজিববাদী ছাত্রলীগের প্যানেলের ভরাডুবি হয়েছে।

গত বৃহস্পতিবার অনুষ্ঠিত ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রঐক্যের প্যানেল ছাত্রলীগ প্যানেলকে বিপুল ভোটে পরাজিত করে এককভাবে বিজয় অর্জন করেছে।

ছাত্রদল ও ছাত্রশিবিরের যৌথ প্যানেলে ভিপি নির্বাচিত হয়েছেন শফিকুল ইসলাম আপেল, জিএস নির্বাচিত হয়েছেন দীপক কুমার বর্মণ প্রিন্স ও এজিএস নির্বাচিত হয়েছেন মোঃ আক্রাম হোসেন। এছাড়া বার্ষিক ক্রীড়া সম্পাদক পদে আব্দুল্লাহ আল মারুফ, সহ-বার্ষিক ক্রীড়া সম্পাদক পদে বিল্লাল হোসেন, খেলাধুলা সম্পাদক পদে মোঃ সামসুল আলম, সহ-পদে মোঃ সেলিম মিঞা, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে রাশেদুল পারভেজ খান, সহ-পদে মোঃ সাইদুর রহমান সোহেল, নাট্য ও প্রমোদ সম্পাদক পদে রুহুল আমিন মোল্লা, সহ-পদে মোঃ শরীফুল কবির, বার্ষিকী সম্পাদক পদে ময়েজ উদ্দিন, সহ-পদে মোঃ মোস্তফা ভূঞা, সমাজকল্যাণ সম্পাদক (মুসলিম) আমিনুল ইসলাম, সহ-পদে মোঃ আবু নাঈম, সমাজকল্যাণ সম্পাদক (হিন্দু) পদে প্রদীপ চন্দ্র বিশ্বাস, সহ-পদে সুজন বর্মণ, ছাত্র মিলনায়তন সম্পাদক পদে মোঃ মহসিন খান, সহ-পদে নজরুল ইসলাম, ছাত্রী মিলনায়তন সম্পাদিকা পদে রুনা আক্তার, সহ-পদে জান্নাতুল রাজিয়া নির্বাচিত হয়েছেন।